

Activity ID: 1903002021

BA-VI/BENGALI-AHBNG-602-C-14 TH/ 60112-(SAMPROTIK BANGLA SAHITYA)/20

BA 6th Semester Examination, October 2020

Subject: বাংলা

Course Title: সাম্প্রতিক বাংলা সাহিত্য

Course Code: AHBNG-602-C-14

Course ID: 60112

সময়: ১ ঘন্টা

পূর্ণমান: ২০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ × ২ = ৪

ক) 'গাঙ্গেশ্বর' ও 'অনিকেত' এই সাহিত্য পত্র দু'টির সম্পাদকের নাম লেখো।

খ) 'অশ্রের নীরবতা' ও 'উলুখড়ের কবিতা' কাব্যগ্রন্থগুলি কাদের রচনা?

গ) 'নীলময়ূরের যৌবন' উপন্যাসটিতে কোন সময়কালের পটভূমি ধরা পড়েছে? উপন্যাসটির প্রত্যেকটি অধ্যায়ের সূচনাতে চর্যাপদের কোন বিশেষ চরণটি ধ্রুবপদের মত ব্যবহৃত হয়েছে?

ঘ) 'নীলময়ূরের যৌবন' উপন্যাসটিতে উল্লিখিত চারজন চর্যাকবির নাম লেখো।

ঙ) 'আদাব' শব্দের অর্থ কী? এটি কী জাতীয় শব্দ?

চ) "বৃদ্ধের ডাকে সোরাবের সাড়া না দেওয়া এই প্রথম।" -বৃদ্ধ কে? সোরাবের সাড়া না দেওয়ার কারণ কী?

ছ) 'নাথবতী অনাথবৎ' নাটকটি কত সালে লেখা হয় এবং কত সালে প্রথম অভিনীত হয়?

জ) শাঁওলী মিত্র অভিনীত অন্য দু'টি নাটকের নাম লেখো।

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৬ × ১ = ৬

ক) একুশ শতকের কবিতার মূল বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

- খ) একুশ শতকের যে-কোনো একজন প্রতিনিধি স্থানীয় কবির কাব্যবৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।
- গ) 'নীলময়ূরের যৌবন' উপন্যাসে মল্লারী চরিত্রটি আলোচনা করো।
- ঘ) 'নীলময়ূরের যৌবন' উপন্যাসে সেলিনা হোসেন বাংলাদেশের ভাষা আন্দোলনকে কিভাবে ব্যবহার করেছেন বুঝিয়ে দাও।
- ঙ) রমেশ সেনের 'সাদা ঘোড়া' গল্প অবলম্বনে দাঙ্গার পটভূমি সংক্ষেপে বুঝিয়ে দাও।
- চ) 'একটি তুলসীগাছের কাহিনী' গল্পে লেখক দেশভাগের প্রেক্ষাপটে তুলসীগাছকে কিভাবে প্রতীকায়িত করেছেন?
- ছ) 'নাথবতী অনাথবৎ' নাটকে জুড়ির দলের গুরুত্ব লেখো।
- জ) 'নাথবতী অনাথবৎ' নাটকের মঞ্চসজ্জার অভিনবত্ব সম্পর্কে আলোচনা করো।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

১০ × ১ = ১০

- ক) একুশ শতকের বাংলা কবিতার প্রকরণশৈলী আলোচনা করো।
- খ) একুশ শতকের বাংলা কবিতায় পুরাণ প্রসঙ্গের ব্যবহার সম্পর্কে তোমার অভিমত দাও।
- গ) সেলিনা হোসেনের 'নীলময়ূরের যৌবন' উপন্যাস অবলম্বনে সেকালের সমাজব্যবস্থার পরিচয় দাও।
- ঘ) 'নীলময়ূরের যৌবন' উপন্যাসের নায়ক হিসাবে কাহ্নপা একটি ব্যতিক্রমী চরিত্র – আলোচনা করো।
- ঙ) রমেশ সেনের 'সাদা ঘোড়া' গল্পের নামকরণ বিশেষত্ব আলোচনা করো।
- চ) সমরেশ বসুর 'আদাব' একটি সাম্প্রদায়িক সম্প্রীতির গল্প—আলোচনা করো।
- ছ) 'নাথবতী অনাথবৎ' নাটকের গঠনশৈলী আলোচনা করো।
- জ) 'নাথবতী অনাথবৎ' নাটকে দ্রৌপদী চরিত্র সৃষ্টিতে শাঁওলী মিত্র যে আধুনিক মনস্কতার পরিচয় দিয়েছেন তা আলোচনা করো।